# বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন

## ২২, দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০।

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫

এতদ্বারা বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এর সকল সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ৩১-১২-২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০১-০৩-২০২৫ খ্রিঃ তারিখ রোজঃ শনিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন লিঃ এর প্রধান কার্যালয় ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০ এ অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

উক্ত ব্যবস্থাপনা কমিটির বিশেষ সাধারণ সভায় অনুষ্ঠিতব্য নির্বাচন ফেডারেশনের উপ-আইনের ২৫(ক) অনুযায়ী ১২ (বার) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির মধ্যে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ সভাপতি সমগ্র নির্বাচনী এলাকার (বাংলাদেশ) সদস্যদের সরাসরি ভোটে এবং ১০ (দশ) জন পরিচালক/সদস্য ১০ (দশ)টি নির্বাচনী এলাকা হইতে (নির্বাচনী এলাকা- ১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০) স্ব-স্ব নির্বাচনী এলাকার সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

সমবায় অধিদপ্তরের আদেশ নং - ৪৭.৬১.০০০০.০২৮.৪০.০৯৩.৮৪(১০ম খন্ড)-০২, তারিখ : ১৯-০১-২০২৫ খ্রিঃ মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ২৬-০১-২০২৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৭ বিধি অনুযায়ী নিম্নোক্তভাবে তফসিল ঘোষণা করা হ'ল।

## নির্বাচনী তফসিল-২০২৫

| ক্র: নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | মনোনয়নপত্র বিতরণ | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ০৩-০২-২০২৫ সোমবার ০৪-০২-২০২৫ মঙ্গলবার | দুপুর ১২.৩০ টা হতে বেলা ০৪.৩০ টা |
| ০২. | মনোনয়নপত্র দাখিল | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ১১-০২-২০২৫ মঙ্গলবার ১২-০২-২০২৫ বুধবার | দুপুর ১২.৩০ টা হতে বেলা ০৪.৩০ টা |
| ০৩. | মনোনয়নপত্র বাছাই (প্রার্থীদের সম্মুখে যদিকেহ উপস্থিত থাকেন) | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ১৩-০২-২০২৫ বৃহস্পতিবার | দুপুর ১২.০০ হইতে |
| ০৪. | বৈধ মনোনয়নপত্র ও বাতিলকৃত মনোনয়নপত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ১৫-০২-২০২৫ শনিবার | দুপুর ১২.৩০ টা |
| ০৫. | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্ত বৈধ ও বাতিলকৃত মনোনয়নপত্রের বিষয়ে কোন প্রার্থীর আপত্তি থাকলে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এর নিকট সমবায় সমিতি বিধিমালা /২০০৪ এর ২৯ বিধি মতে আপীল আবেদন দাখিল। | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, সমবায় ভবন, আগারগাঁও, সিভিক সেক্টর, শেরেবাংলা নগর, ঢাকা। | ১৬-০২-২০২৫ রবিবার ও ১৭-০২-২০২৫ সোমবার | অফিস চলাকালীন সময়ে |
| ০৬. | আপীলের শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান (সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৯(২) বিধি মতে)। | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, সমবায় ভবন, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর, শেরেবাংলা নগর, ঢাকা। | ১৮-০২-২০২৫, ১৯-০২-২০২৫ ও ২০-০২-২০২৫ মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার | নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় কর্তৃক নির্ধারিত সময় |
| ০৭. | আপিলের রায় ঘোষণা | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, সমবায় ভবন, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর, শেরেবাংলা নগর, ঢাকা। | ২০-০২-২০২৫ বৃহস্পতিবার | আপীল শুনানী শেষে |

| ক্র: নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০৮. | বৈধ ও বাতিলকৃত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ২০-০২-২০২৫ বৃহস্পতিবার | আপীল শুনানী ও রায় প্রদান শেষে |
| ০৯. | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের প্রেক্ষিতে) | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ২২-০২-২০২৫ শনিবার | দুপুর ১২.৩০ টা হতে বেলা ৪.৩০ টা |
| ১০. | প্রার্থীদের চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ২৩-০২-২০২৫ রবিবার | দুপুর ১২.৩০ টা |
| ১১. | প্রতিদ্বন্দ্বি বৈধ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দসহ তালিকা প্রকাশ | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ২৪-০২-২০২৫ সোমবার | দুপুর ১২.৩০ টা |
| ১২. | ভোট গ্রহণ | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এর প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ০১-০৩-২০২৫ শনিবার | সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০টা ( বিরতিহীনভাবে ) |
| ১৩. | ভোট গণনা ও নির্বাচনের ফলাফল ঘোষনা | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এর প্রধান কার্যালয়, ২২ দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০। | ০১-০৩-২০২৫ শনিবার | ভোট গণনা শেষে |

**নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ ঃ-**

| পদের নাম | নির্বাচনী এলাকা | প্রতীক |
|---|---|---|
| সভাপতি | সমগ্র বাংলাদেশ | মাছ, চেয়ার, ছাতা, গোলাপফুল ও বাঘ। |
| সহ-সভাপতি | সমগ্র বাংলাদেশ | আনারস, ফুটবল, মোরগ, কলস, বই ও দেয়ালঘড়ি। |

**পরিচালক পদের জন্য ঃ-**

| এলাকা | প্রতীক |
|---|---|
| নির্বাচনী এলাকা-১ | রিক্সা, মোমবাতি, দোয়াত কলম, ও জাহাজ। |
| নির্বাচনী এলাকা-২ | তালাচাবি, ঘুড়ি, হাত পাখা, শাপলা ও জগ। |
| নির্বাচনী এলাকা-৩ | কুড়াল, হরিণ, মোবাইল ফোন, আপেল ও বালতি। |
| নির্বাচনী এলাকা-৪ | চাকা, মই, আম, ঠেলাগাড়ী ও কাপপিরিচ। |
| নির্বাচনী এলাকা-৫ | ঘোড়া, কম্পিউটার, হাতি, তাল ও হাতুড়ি। |
| নির্বাচনী এলাকা-৬ | ডাব, কাঁঠাল, সেলাই মেশিন, টিউবওয়েল ও ল্যাপটপ। |
| নির্বাচনী এলাকা-৭ | কবুতর, হাঁস, হাতি, তরবারী ও রেডিও । |
| নির্বাচনী এলাকা-৮ | কুড়েঘর, মিনার, মটরসাইকেল, উট ও লাটিম। |
| নির্বাচনী এলাকা-৯ | টুপি, উড়োজাহাজ, চশমা, তবলা,ও ফুলের টব |
| নির্বাচনী এলাকা-১০ | বাইসাইকেল, প্রজাপতি, ময়ুর, গরুরগাড়ী ও ট্রাক। |

উল্লেখ্য, প্রার্থীদের তুলনায় প্রতীকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি নতুন প্রতীক বরাদ্দ করতে পারবেন।

| নির্বাচনী এলাকার নম্বর | পদ ও নির্বাচতি সংখ্যা | নির্বাচনী এলাকা |
|---|---|---|
| | সভাপতি ০১ জন | সমগ্র বাংলাদেশ |
| | সহ-সভাপতি ০১জন | সমগ্র বাংলাদেশ |
| নির্বাচনী এলাকা -০১ (রংপুর বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | পঞ্চগড়, ঠাকুরগাঁও, নিলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, রংপুর, দিনাজপুর ও গাইবন্ধা। |
| নির্বাচনী এলাকা -০২ (রাজশাহী বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | বগুড়া, সিরাজগঞ্জ, পাবনা ও জয়পুরহাট । |
| নির্বাচনী এলাকা- ০৩ (রাজশাহী বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নওগাঁ ও নাটোর । |
| নির্বাচনী এলাকা - ০৪ (খুলনা বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, যশোর, নড়াইল, সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট। |

| | | |
|---|---|---|
| নির্বাচনী এলাকা - ০৫ (বরিশাল বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | পিরোজপুর, বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি, বরগুনা ও ভোলা |
| নির্বাচনী এলাকা - ০৬ (চট্টগ্রাম বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | খাগড়াছড়ি, রাংগামাটি, বান্দারবান, চট্টগ্রাম ও কক্সবাজার। |
| নির্বাচনী এলাকা - ০৭ (চট্টগ্রাম বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | কুমিল্লা, চাঁদপুর, বি-বাড়িয়া, লক্ষীপুর, নোয়াখালী ও ফেনী |
| নির্বাচনী এলাকা - ০৮ (সিলেট বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ। |
| নির্বাচনী এলাকা - ০৯ (ঢাকা বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | ঢাকা, নারায়নগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ, টাংগাইল, নরসিংদী, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, শরিয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর ও রাজবাড়ি। |
| নির্বাচনী এলাকা - ১০ (ময়মনসিংহ বিভাগ) | পরিচালক/সদস্য ০১জন | ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর। |

**নির্বাচনে প্রার্থী ও ভোটারদের জ্ঞাতব্য বিষয়াদি ঃ**

১. বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এর নির্বাচনে প্রার্থী হতে ইচ্ছুক প্রতিনিধি যে পদের জন্য প্রার্থী হতে চান সেই পদ উল্লেখপূর্বক প্রার্থী নিজে অথবা তাঁর কর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট হতে তফসিলে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে।

২. বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এর ব্যবস্থাপনা কমিটির ৩১.১২.২০২৪খ্রি. তারিখের সভায় সিদ্ধান্তে মনোনয়ন পত্রের মূল্য (অফেরতযোগ্য) নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হয়েছেঃ
(ক) সভাপতির পদের জন্যঃ ২০,০০০/- (বিশ হাজার) টাকা।
(খ) সহ সভাপতির পদের জন্যঃ ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা।
(গ) সদস্য পদের জন্যঃ ১০,০০০/- (দশ হাজার) টাকা।
সংশ্লিষ্ট পদের নির্ধারিত ফরমের মূল্য প্রদান পূর্বক আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং মনোনয়নপত্র জমাদানের সময় মনোনয়নপত্র সংগ্রহের জমাকৃত রশিদ সংযুক্ত করতে হবে।

৩. নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতিত অন্য কোন প্রকারের মনোনয়নপত্র বা তার ফটোকপি গ্রহণযোগ্য হবেনা।

৪. বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এর ০১/০৩/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রতিনিধিদের ক্ষমতা প্রদান করতে হবে। উক্ত ক্ষমতা প্রদান বিষয়ে ব্যবস্থাপনা কমিটির উপস্থিতি স্বাক্ষরসহ সভার সিদ্ধান্তের ছায়ালিপি এবং প্রতিনিধির পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট ইউসিসিএ লিঃ এর সভাপতি /উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫. ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট প্রতিনিধি সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) এবং ১৯ ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং উহা জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক যাচাইপূর্বক প্রতিস্বাক্ষর করিতে হইবে। **প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নম্বরসহ অফিসিয়াল সীল ব্যবহার করতে হবে।**

৬. সমিতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সদস্য বা প্রতিনিধির নিকট সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত ২০২০) এর ৩৩(২) বিধি দ্রষ্টব্য, ফরম-৮ মোতাবেক নির্ধারিত ছকে পরিচয়পত্র থাকতে হবে। পরিচয়পত্র সংশ্লিষ্ট ইউসিসিএ লিঃ এর সভাপতি/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। উহাতে সমিতির অফিসিয়াল সীলমোহর অবশ্যই থাকতে হবে।

৭. মনোনয়নপত্র নির্ভুলভাবে পূরণকরত: তফসিল মোতাবেক নির্ধারিত সময় সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়নপত্রে প্রার্থীর ছবি সংশ্লিষ্ট ইউসিসিএ লিঃ এর সভাপতি/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। উহাতে অফিসিয়াল সীলমোহর থাকতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়নপত্র গ্রহণযোগ্য হবে না।

৮. নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী সমিতিতে ঋণ খেলাপী/জামিনদার খেলাপী হলে মনোনয়ন পত্র জমা দানের পূর্বে তা পরিশোধ করে প্রমাণকসহ মনোনয়ন পত্র জমা দিতে হবে।

৯. মনোনয়নপত্রে শুধুমাত্র একটি প্রতীক দাবী করা যাবে।

১০. প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

১১. মনোনয়নপত্রের সাথে নিম্নবর্ণিত রেকর্ডপত্র সংযুক্ত থাকতে হবেঃ
(ক) প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের ছায়ালিপি;
(খ) প্রতিনিধির পরিচয়পত্রের কপি;
(গ) প্রার্থীর তিন কপি পাসপোর্ট সাইজের ছবি;
(ঘ) প্রার্থীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি/ জন্মনিবন্ধন সনদ;

(ঙ) মনোনয়নপত্র ক্রয়ের মূল রশিদ;

(চ) সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৮৮(৩) বিধি মোতাবেক দেনা পাওনা নাই মর্মে ফেডারেশন এর নির্বাহী সচিব হতে গৃহীত প্রত্যয়ন পত্রের মুল কপি;

(ছ) সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) এর ১৯(২) (খ,গ) ধারা ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত/২০২০) এর ২২(২) বিধি অনুযায়ী প্রার্থীর যোগ্যতার বিষয়ে সুস্পষ্ট মতামত উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমিতি কর্তৃক স্বাক্ষরিত জেলা/উপজেলা সমবায় অফিসার, কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন পত্র ;

(জ) সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) এর ১৮(৮) অনুযায়ী যোগ্যতার বিষয়ে নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন।

১২. ভোট প্রদানের সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিনিধিকে সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর ৩৩ (৩) বিধি মোতাবেক নির্ধারিত ফরমে পরিচয় পত্র এবং ভোট প্রদানের বিষয়ে প্রতিনিধিত্বকারী সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার রেজুলেশন (উপস্থিতি স্বাক্ষরসহ) এর সত্যায়িত অনুলিপি সংশ্লিষ্ট ইউসিসিএ লিঃ এর সভাপতি/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

১৩. একই সদস্য সমিতি/ব্যক্তি প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বহির্ভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির পরিচালক/সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

১৪. মনোনয়নপত্র প্রত্যাহার করতে হলে নিজ অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন কমিটি বরাবর আবেদন করতে হবে।

১৫. অসম্পূর্ণ, ঘষা-মাজা, ফ্লুইড দেওয়া, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪(সংশোধিত/২০২০) মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র নির্বাচন কমিটি বাতিল করতে পারবেন।

১৬. অবসায়নে ন্যাস্ত কিংবা নিবন্ধন বাতিলকৃত সমবায় সমিতির কোন ব্যক্তি/প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ বা ভোট প্রদান করতে পারবেন না।

১৭. সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) যথাক্রমে ধারা ও বিধি মোতাবেক এবং সংশ্লিষ্ট সমিতির উপআইন অনুসরণ করে নির্বাচন কার্যক্রম পরিচালিত হবে।

১৮. নির্বাচন সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যাবে। (মোবাইল নম্বর-০১৭২৫-৬৭৪৪০০)

**১৯.** ভোটার তালিকা ও ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি/সমিতির নির্বাহী সচিব এর সাথে যোগাযোগ করতে হবে।

**২০. মনোনয়নপত্র সহ মনোনয়নপত্রের সাথে দাখিলকৃত সকল রেকর্ডপত্র সত্যায়নকারী/প্রতিস্বাক্ষরকারীর নাম, পদবী, মোবাইল নম্বরসহ অফিসিয়াল সীল অবশ্যই থাকতে হবে।**

২১. **ভোটকেন্দ্রের ভিতর কোন প্রার্থী বা ভোটার মোবাইল, ক্যামেরা ও অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করতে পারবেন না।**

২২. প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রের সঙ্গে দেয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৮(২) বিধি মোতাবেক যেকোন উপযুক্ত পদ্ধতি গ্রহণ করতে পারবে।

২৩. নির্বাচনের ক্ষেত্রে এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) ৩৪(৩) বিধি অনুযায়ী নির্বাচনী ফলাফল ঘোষনায় নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

| | | |
|---|---|---|
| (স্বাক্ষরিত) ২৬/০১/২৫ | (স্বাক্ষরিত) ২৬/০১/২৫ | (স্বাক্ষরিত) ২৬/০১/২০২৫ |
| (মোঃ নাজমুল হক) | (আইরিন খানম) | (মোহাম্মদ সফিকুল ইসলাম) |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি/২০২৫ | নির্বাচন কমিটি/২০২৫ | নির্বাচন কমিটি/২০২৫ |
| বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন | বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন |
| ও | ও | ও |
| সরেজমিনে তদন্তকারী | উপনিবন্ধক | উপনিবন্ধক |
| সমবায় অধিদপ্তর, ঢাকা। | সমবায় অধিদপ্তর, ঢাকা। | সমবায় অধিদপ্তর, ঢাকা। |

স্মারক নংঃ নির্বাচন /০৩ তারিখ: ২৬-০১-২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল। (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সভাপতি .............................................................. ইউসিসিএ লিঃ (সকল)।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, .............................................................. ইউসিসিএ লিঃ (সকল)।
৩. উপজেলা সমবায় অফিসার, .............................................................. (সকল)।
৪. অফিসার ইনচার্জ .............................................................. মতিঝিল থানা।
৫. উপ- পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ..............................................(সকল)।

৬. জেলা সমবায় অফিসার, ........................................... (সকল)। নির্বাচনে প্রার্থীর মনোনয়ন পত্র ও উপরে বর্ণিত জ্ঞাতব্য বিষয়াদি যথাযথভাবে অনুসরণ পূর্বক নির্বাচনী কাগজপত্র প্রতিস্বাক্ষর করার ব্যব্যস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো । একই সাথে বিষয়টি তাঁর আওতাধীন সকল উপজেলা সমবায় অফিসারগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৭. যুগ্ম নিবন্ধক (এমআইএস ও গবেষণা), সমবায় অধিদপ্তর, ঢাকা। (সমবায় অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৮. যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী / খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ নির্বাচনে প্রার্থীর মনোনয়নপত্র উপরে বর্ণিত জ্ঞাতব্য বিষয়াদি যথাযথভাবে অনুসরণ পূর্বক নির্বাচনী কাগজপত্র প্রতিস্বাক্ষর করার বিষয়টি তাঁর আওতাভূক্ত জেলা সমবায় অফিসারদেরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো ।

৯. উপ পুলিশ কমিশনার, মতিঝিল বিভাগ, ডিএমপি, ঢাকা।

১০. সভাপতি, অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন।

১১. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন। তাঁকে অত্র নির্বাচনী তফসীল ব্যাপক প্রচার (বহুল প্রচারিত জাতীয় পত্রিকায় প্রকাশসহ) ও সদস্য সমিতিসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হ'ল।

১২. অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৩. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

১৪. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কাওরান বাজার, ঢাকা।

১৫. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর,ঢাকা। দৃষ্টি আকর্ষণ: যুগ্মনিবন্ধক (ব্যাংক ও বীমা), সমবায় অধিদপ্তর, ঢাকা।

১৬. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭. বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এর নোটিশ বোর্ড ও ওয়েব সাইট/বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েব সাইট।

১৮. সংশ্লিষ্ট নথি

২৫/০১/২০২৫

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৫
বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন
ও
উপনিবন্ধক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

ফরম - ৮

# সদস্যের পরিচয় পত্রের ফরম

[ বিধি ৩৩(২) দ্রষ্টব্য ]

(কেন্দ্রীয় ও জাতীয় সমিতির জন্য)

...................................... সমবায় সমিতি

(পরিচয়পত্র ইস্যুকারী সদস্য সমিতির নাম)

সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত এক কপি ছবি সংযোজন করিতে হইবে।

১. সদস্যের নাম ............................................................................................

২. পিতা / স্বামীর নাম ..................................................................................

৩. মাতার নাম ..............................................................................................

৪. পূর্ণ ঠিকানা ............................................................................................

......................................................................................................

৫. সদস্য রেজিষ্টার মোতাবেক সদস্য নম্বর ..........................................................

৬. এই পরিচয়পত্রধারী ব্যক্তি বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন কার্যালয়, ২২ দিলকুশা বা/এ, (৩য় তলা), ঢাকা ১০০০, স্থানে ১মার্চ, **২০২৫** তারিখে অনুষ্ঠিতব্য বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের বিশেষ সাধারণ সভায় অংশ গ্রহণ এবং ভোট প্রদানের জন্য ক্ষমতাপ্রাপ্ত।

সদস্যের স্বাক্ষর

(১)

(২)

(৩)

প্রতিনিধি প্রেরণকারী সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা
কর্তৃক স্বাক্ষর ও সীল।

প্রতিস্বাক্ষর

জেলা বা উপজেলা সমবায় অফিসারের
স্বাক্ষর ও সীল